**জনতা ব্যাংক লিমিটেড**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
website:www.janatabank-bd.com

রিকভারী ডিপার্টমেন্ট-১
ফোনঃ ৯৫৬৫২৭২

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৮৪৮/১৮

তারিখঃ ১২.১১.২০১৮ খ্রিস্টাব্দ
২৮ কার্তিক১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন
কর্পোঃ শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয়ঃ** **শ্রেণীবিণ্যাসিত ও অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায়ের জন্য "পুরস্কার নীতিমালা-২০১৮" প্রসংগে।**

প্রিয় মহোদয়,

ব্যাংকের সার্বিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ত ও উৎসাহিত করার জন্য বোর্ড অব ডিরেক্টরস এর অনুমোদনক্রমে প্রতি বছর শ্রেণীবিন্যাসিত ও অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায়ের জন্য পুরস্কার নীতিমালা প্রণয়ন করা হয়ে থাকে। এই ধারাবাহিকতায় ৩১.১২.২০১৭ তারিখের স্থিতিভিত্তিক শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ থেকে ২০১৮ সাল ব্যাপী নগদ আদায়ের উপর (২০১৯ সালে প্রাপ্য) পুরস্কার নীতিমালা প্রণয়ন করা হয় যা ২৯.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টর'স এর ৫৪৪ তম সভায় অনুমোদিত হয়।

২৯.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৪৪তম সভায় পুরস্কার নীতিমালার উপর বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
সিদ্ধান্তঃ
"পরিচালনা পর্ষদের ১২.০৪.২০১৭ তারিখে অনুষ্ঠিত ৪৭০তম সভায় অনুমোদিত পুরস্কার নীতিমালা-২০১৭ বহাল রাখা হ'ল। তবে, এতদ্‌বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট শাখা/কার্যালয়ের মোট শ্রেণীকৃত ঋণ পূর্ববর্তী বছরের তুলনায় ৫% হ্রাস প্রাপ্ত না হলে উক্ত শাখা/কার্যালয় পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবে না।"

এমতাবস্থায়, নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ৭৪১/১৭ তারিখ ০৩.০৫.২০১৭ এর মাধ্যমে জারীকৃত শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায়ের জন্য "পুরস্কার নীতিমালা ২০১৭" তে উল্লেখিত ক্রমিক নম্বর ৩.১ এ বর্ণিত পুরস্কার প্রাপ্তির যোগ্যতার ক্রাইটেরিয়ার সাথে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট শাখা/কার্যালয়ের মোট শ্রেণীকৃত ঋণ পূর্ববর্তী বছরের তুলনায় ৫% হ্রাস প্রাপ্ত না হলে উক্ত শাখা/কার্যালয় পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবে না এই শর্তটি অন্তর্ভূক্ত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

১২/১১/১৮
(মোঃ সামিউল হক)
উপ-মহাব্যবস্থাপক

১২/১১/১৮
(মোঃ জসীম উদ্দিন)
মহাব্যবস্থাপক